সংলাগ-২ ৪৭

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) কারিগরী কমিটির ২য় সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) কারিগরী কমিটির ২য় সভা গত ০৩-১২-২০১২ তারিখ বেলা ৩:০০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের সম্মেলন কক্ষে (ব্লক-২, কক্ষ নং-৫) অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উক্ত কমিটির চেয়ারম্যান পরিকল্পনা কমিশনের সদস্য (সেচ, কৃষি ও পানি সম্পদ) ডঃ এম এ সাত্তার মন্ডল।

সভায় কারিগরী কমিটির সম্মানীত সদস্যগণ বা সদস্যগণের পক্ষে তাদের প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট-'ক'তে সংযুক্ত।

সভাপতি মহোদয় সকলকে স্বাগতম জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার প্রারম্ভে উক্ত কমিটির সদস্য-সচিব জনাব মোহাম্মদ সহিদুর রহমান, মহাপরিচালক, ওয়ারপো সভার সভাপতি মহোদয়কে ওয়ারপোর কারিগরী কমিটির গঠন ও এর কার্যপরিধির আইনগত দিকটি অবহিত করেন।

অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ সিদ্দিকুর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কম্পিউটার ও তথ্য) ওয়ারপোর Data Dissemination Policy প্রণয়ন সম্পর্কে সভাকে অবহিত করেন এবং তিনি ওয়ারপো কর্তৃক প্রণীত Data Dissemination Policy এর উপর পাওয়ার পয়েন্টে একটি সংক্ষিপ্ত পটভূমি উপস্থাপন করেন। ওয়ারপোতে স্থাপিত National Water Resources Database (NWRD) and Integrated Coastal Resources Database(ICRD) এবং ওয়ারপোর ভূমিকার উপর বিস্তারিত আলোকপাত করেন।

পানি সম্পদ পরিকল্পনা আইন ১৯৯২ অনুসারে পানি সম্পদ সম্পর্কিত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও প্রচার, জাতীয় পানি নীতি ১৯৯৯ অনুসারে জাতীয় 'পানি সম্পদ তথ্য ভান্ডার (NWRD)' তৈরী, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদ করার দায়িত্ব ওয়ারপোর উপর ন্যস্ত। এ লক্ষ্যে ২০০১ সালে জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (NWMP) প্রণয়নে সহায়তা প্রদানের জন্য ওয়ারপোতে 'জাতীয় পানি সম্পদ তথ্যভান্ডার (NWRD)' প্রতিষ্ঠা করা হয়েছে। পর্যায়ক্রমে এর অধীনে ২০০৫ সালে 'সমন্বিত উপকূলীয় অঞ্চল সম্পদ তথ্য ভান্ডার (ICRD)' NWRD তে সংযুক্ত হয়েছে।

পানি সম্পদ ও পানি সম্পদ সংশ্লিষ্ট (ভূ-পরিস্থ পানি, ভূ-গর্ভস্থ পানি, পরিবেশ, জলবায়ু, মৃত্তিকা ও কৃষি, বন, মৎস্য এবং আর্থ-সামাজিক সংক্রান্ত) বিষয়ে অদ্যাবদি NWRD ৪৭৫ টি এবং ICRD -তে ৪৫৪ টির অধিক উপাত্ত সংযোজন করা হয়েছে। সারাদেশের প্রায় ৫০ টি সংস্থার এবং ওয়াপোর নিজস্ব তথ্য-উপাত্ত এই উপাত্ত ভান্ডারে সংরক্ষিত আছে। এই উপাত্তভান্ডার NWMP হালনাগাদকরণ এবং পানি সম্পদ সম্পর্কিত ডিজিটাল উপাত্ত ও তথ্যের একটি কেন্দ্রীয় গুরুত্বপূর্ণ উৎস। বিভিন্ন দেশী বিদেশী সংস্থা, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহ বিভিন্ন পানি সম্পদ পরিকল্পনা, ব্যবস্থাপনা, গবেষণা, প্রকল্প বাস্তবায়ন, অধ্যয়ন ইত্যাদি কাজে NWRD ও ICRD এর বিপুল উপাত্ত ব্যবহৃত হয়।

জনস্বার্থে NWRD-র ব্যাপক প্রচার ও প্রসারের লক্ষ্যে এবং টেকসই পরিকল্পনা প্রণয়ন, বিজ্ঞানভিত্তিক গবেষণা ও উচ্চতর শিক্ষার কাজে বিপুল সংখ্যক ব্যবহারকারীর কাছে বহুল প্রচার ও সহজলভ্য করার জন্য

ওয়ারপো একটি খসড়া Data Dissemination Policy প্রণয়ন করেছে । খসড়া পলিসির Table of Content এবং তদনুযায়ী প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ন বিষয়সমূহ সংক্ষিপ্তাকারে সভায় উপস্থাপন করা হয়। এই খসড়া নীতিমালার প্রধান প্রধান বিষয়গুলো নিম্নরূপ-

- উপাত্তভান্ডারে উপাত্তসমূহকে প্রাইমারী ডাটা, সেকেন্ডারী ডাটা, ফ্রি ডাটা এবং বিশ্লেষিত ডাটা এই ৪টি ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে ।

- বিভিন্ন টুলস্ ও স্যাটেলাইট ইমেজের মাধ্যমে এই উপাত্তসমূহের গুণাগুণ পরীক্ষা করে ব্যবহারোপযোগী ডিজিটাল ফরম্যাটে রূপান্তর ও নিরাপদে সংরক্ষণের নির্দেশনা দেয়া আছে।

- জিআইএস ম্যাপসহ অন্যান্য উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াজাত করে উপাত্তসমূহের গ্রহণযোগ্য মূল্য নির্ধারণ করা হয়েছে এবং দেশী-বিদেশী ব্যবহারকারীদের চাহিদা অনুযায়ী উপাত্ত সরবরাহের ক্ষেত্রে কি প্রক্রিয়া অনুসরণ করা হবে সে বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে।

- শিক্ষা ও গবেষণা কাজকে উৎসাহিত করা এবং বিভিন্ন উপাত্ত প্রদানকারী সংস্থাকে ক্ষেত্র বিশেষে ডিসকাউন্টের প্রস্তাব করা হয়েছে।

- ওয়ারপো ও অন্যান্য উপাত্ত প্রদানকারী সংস্থার মধ্যে সমঝোতা স্মারকের মাধ্যমে উপাত্ত বিনিময়ের বিষয়টি তুলে ধরা হয়েছে।

সভাকে অবহিত করা হয় যে, আগষ্ট ২০১২- তে প্রণীত খসড়া নীতিমালাটির উপর মতামত প্রদানের জন্য ওয়ারপোর ওয়েবসাইটেও সংযোজনের পাশাপাশি সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার কাছে প্রেরণ করা হয় । বিভিন্ন সংস্থার মতামত ও তার উপর ওয়ারপোর বক্তব্য একটি ছকে উপস্থাপনপূর্বক উক্ত নীতিমালার পরিশিষ্টের সাথে সংযুক্ত করা হয়েছে। বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় সংযোজন ও পরিমার্জনপূর্বক খসড়া Data Dissemination Policy-টি চূড়ান্ত করা হয়েছে।

সভাকে আরো অবহিত করা হয় যে, মাননীয় পানি সম্পদ মন্ত্রীর সভাপতিত্বে বিগত ২৩-০৯-২০১২ তারিখে অনুষ্ঠিত ওয়ারপোর পরিচালনা বোর্ডের ১১তম সভায় Data Dissemination Policy উপস্থাপিত হলে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ Data Dissemination Policy এবং উপাত্তের উপযুক্ত মূল্য নির্ধানের পাশাপাশি পরামর্শক প্রতিষ্ঠানের জন্য এ সকল তথ্য-উপাত্ত ব্যবহারে তুলনামূলক ভাবে উচ্চ মূল্য নির্ধারণের পরামর্শ দেন ।

পরিশেষে সভায় আলোচ্যসূচীর সম্বন্ধে কাংখিত সিদ্ধান্তের ব্যাপারে সভায় উপস্থিত সভাপতির দৃষ্টি আকর্ষন করা হয়।

উপস্থাপনা শেষে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দের নিকট ওয়ারপোর Data Dissemination Policy এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

জনাব মোঃ সাদেক হোসাইন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডাটা অনলাইনে পাওয়া যাবে কিনা, এ ব্যাপারে জানতে চান। এ প্রসঙ্গে মহাপরিচালক, ওয়ারপো জানান, অনলাইনে ডাটা প্রদানের ব্যবস্থা এখনো করা হয় নাই। তবে data list এবং metadata ওয়ারপোর ওয়েব সাইটে দেওয়া আছে।

সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন যে, ওয়ারপোর NWRD ও ICRD তে প্রচুর dataset আছে। Data dissemination একটি Public service। সুতরাং যারা ডাটা নিবে তারা যেন data সম্পর্কে স্বয়ং সম্পূর্ণভাবে জানতে পারে, তার জন্য data description থাকতে হবে।

সভাপতি মহোদয় ডাটাবেজে বাংলাদেশের waterbodies সম্বন্ধে এবং তা District, Upazilla, Union পর্যন্ত চিহ্নিত করা হয়েছে কিনা তা জানতে চান। তিনি আরো জানতে চান এ সমস্ত data Geocode এর সংঙ্গে লিংক করা হয়েছে কি না । ওয়ারপো জানায় ডাটা সমুহে বিবিএস Geocode এর উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে এবং তা District, Upazilla, Union পর্যন্ত চিহ্নিত করা যায়।

এছাড়া সভাপতি মহোদয় Description of Data এবং Unit of data এর প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন যে, Description of Data source, Type, Completeness, size, variables, coverage ইত্যাদি সংক্রান্ত তথ্য থাকলে Dissemination করতে হবে এবং ওয়েবসাইট এ সংযোজন করতে হবে। এই প্রসঙ্গে ওয়ারপোর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ সিদ্দিকুর রহমান Data Dissemination Policy এর পরিশিষ্ট-৫ এ সংযোজিত sample of metadata এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি জানান যে, NWRD এবং ICRD এর সকল ডাটার জন্য metadata তৈরী করা হয়েছে। Metadata এ Title, Abstract, Quality, Completeness বা coverage, source, type, size description of availability, process description, purpose, history , file format, data access, organization name, address ইত্যাদি সহ প্রয়োজনীয় সকল তথ্য আছে এবং metadata ওয়ারপোর ওয়েবসাইটে সংযোজন করা আছে (Data Dissemination Policy এর sec 5.10.IV এ ব্যাপারে বলা হয়েছে)। সভাপতি মহোদয় land measurement এর unit এর ব্যাপারে data source বা origin হতে check করে standardize conversion এর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো অভিমত প্রকাশ করেন যে, measurement unit Data Policy তে সুনিশ্চিত করার প্রয়োজন।

সভাকে অবহিত করা হয় যে, data সরবরাহের সময় প্রতিটি data র সাথে data সংক্রান্ত digital information পৃথক file এ সরবরাহ করে থাকে। ভবিষতে data সরবরাহের সংগে metadata সরবরাহের ব্যবস্থা করা হবে। Metadata ও data একক সম্বন্ধে policy তে বিস্তারিত রাখার জন্য সভাপতি মহোদয় গুরুত্ব আরোপ করেন।

BARC এর সদস্য পরিচালক বলেন, জেলা হতে উপজেলা লেভেল পর্যন্ত ডাটা ডাটাবেইজে রাখার প্রয়োজন আছে ।তিনি MoU করলে free data পাওয়া যাবে কিনা এ সম্পর্কে জানতে চান।

এই প্রসঙ্গে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কম্পিউটার ও তথ্য) জনাব মোঃ সিদ্দিকুর রহমান জানান ৬টি সংস্থার সাথে ওয়ারপোর MoU করা হয়েছে। MoU অনুযায়ী ডাটা আদান-প্রদান করা হয়ে থাকে।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

১। পরামর্শক এর ক্ষেত্রে প্রস্তাবিত মূল্যের ৫ (পাঁচ) গুণ উচ্চ মূল্যে উপাত্ত সরবরাহ করা যায়;

২। প্রস্তাবিত (Annex 3, Annex 4) উপাত্তের মূল্য যুক্তিসংগতভাবে বৃদ্ধি করা প্রয়োজন। উদাহরণ হিসেবে বলা যেমন প্রস্তাবিত ৩০ টাকা স্থলে ৫০ টাকায় উন্নীত করণ

৩। Research organization (Annex-1, Table 1.2.1) এ ডাটা সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্তভাবে ডিসকাউন্ট প্রদান করা যায়:

| | | | |
|---|---|---|---|
| 1. Student/Researcher | 80% | - | 0% |
| 2. Research Organization | 50% | - | 0% |
| 3. Data Provider | 100% | - | 0% |

৪। Data definition ও Metadata ওয়ারপোর ওয়েবসাইটে এ সংযোজন করতে হবে ।

উপরোক্ত সিদ্ধান্তসমূহের আলোকে প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে ওয়ারপোর Data Dissemination Policy টি অনুমোদনের জন্য সুপারিশ করা হল।

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজের সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহিদুর রহমান)
মহাপরিচালক, ওয়ারপো
ও
সদস্য-সচিব, ওয়ারপো কারিগরী কমিটি

১৭.১২.১২
(ডঃ এম এ সাত্তার মন্ডল)
সদস্য (সেচ, কৃষি ও পানি সম্পদ)
পরিকল্পনা কমিশন
ও
চেয়ারম্যান, ওয়ারপো কারিগরী কমিটি